

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, উন্নয়ন শাখা  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

১৮ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.১৬.০২১.১৩ (অংশ).২২১

তারিখঃ -----

০১ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

প্রেরক : মোল্যা সাইফুল আলম  
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা


আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ-৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ বাগেরহাট জেলা আইনজীবী সমিতি ভবন নির্মাণের জন্য অনুদান প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেক্ষিতে নির্দেশিত হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত বাগেরহাট জেলা আইনজীবী সমিতি ভবন নির্মাণের অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে চলতি ২০১৯-২০ অর্থবছরের বাজেটে “১২১০১০১১০৪৪১৯-সচিবালয়” আইন ও বিচার বিভাগ এর অধীন ‘৩৬৩১১০৭’ বিশেষ অনুদান কোডের বরাদ্দকৃত অর্থ হতে ২.২৪ কোটি (দুই কোটি চব্বিশ লক্ষ) টাকা নিম্নোক্ত শর্তে ছাড়ে সরকারের মঞ্জুরী জ্ঞাপন করা হলো :

শর্তাবলী :

- ক) বিশেষ অনুদান খাতে বরাদ্দকৃত এ অর্থ জেলা আইনজীবী সমিতির সভাপতি/সাধারণ সম্পাদকের স্বাক্ষরে এবং জেলা জজ, বাগেরহাট এর প্রতিস্বাক্ষরের মাধ্যমে উত্তোলন করতে হবে;
- খ) বরাদ্দকৃত অর্থ দিয়ে বাগেরহাট জেলা আইনজীবী সমিতি ভবন নির্মাণ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে/খাতে এ অর্থ ব্যয় করা যাবে না;
- গ) এ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ঙ) প্রতি মাসের ১০ তারিখের মধ্যে ভবন নির্মাণ কাজের অগ্রগতি এ বিভাগ-কে অবহিত করতে হবে;
- চ) বাগেরহাট জেলা আইনজীবী সমিতি ভবন নির্মাণে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম পরিলক্ষিত/উদঘাটিত হলে সেক্ষেত্রে অনুদান ব্যবহারকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- ছ) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বাগেরহাট অফিসের অনুকূলে অবিলম্বে অথরিটি ইস্যু করে উহার একটি কপি এ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



(মোল্যা সাইফুল আলম)

সিনিয়র সহকারী সচিব


ফোন : ৯৫৪৫৭৬৫(অফিস)

১০.০০.০০০০.১২৬.১৬.০২১.১৩ (অংশ).২২১

তারিখঃ-০১/০১/২০২০ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। জেলা জজ, বাগেরহাট।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক, বাগেরহাট জেলা আইনজীবী সমিতি, বাগেরহাট।
- ৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বাগেরহাট।
- ৫। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



(মোল্যা সাইফুল আলম)

সিনিয়র সহকারী সচিব